

- ২.৩ আয়তন বৃদ্ধি/গণকে এ প্রসপেক্টাসের সাথে সংযুক্ত আবেদনপত্রের ফরমটি বিমুক্ত করে যথাযথভাবে পূরণ পূর্বক বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের মধ্যে ২.১ অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকে জমা দিতে হবে।
- ২.৪ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) ফ্ল্যাট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। তারা অবশ্যই জামানতের সমপরিমাণ অর্থ পাউন্ড স্টার্লিং /আমেরিকান ডলারে চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবর FC A/C No- 0211-130000300 হিসাবে SWIFT CODE : BKSIBDDH 002, BASIC BANK LIMITED (Main Branch) Motijheel, Dhaka Bangladesh এর মাধ্যমে প্রদান করবেন। তাদের ক্ষেত্রে নোটারী পাবলিক/ বাংলাদেশ দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে স্বাক্ষরযুক্ত হলফনামা আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনকারী বিদেশ হতে কুরিয়ার সার্ভিসযোগে বা হাতে হাতে Chairman, National Housing Authority, 82 Segunbagicha, Dhaka-1000, Bangladesh.
- ২.৫ যে সকল আবেদনকারী ফ্ল্যাট পাবেন না তাদেরকে জামানতের টাকা সরাসরি নিজ ব্যাংক একাউন্টে ফেরত পেতে ইচ্ছুক হলে তাদেরকে অবশ্যই আবেদনপত্রের ক্রমিক নং-১৭ এ উল্লেখিত ছকে অনলাইন ব্যাংকিং সুবিধাযুক্ত বাংলাদেশের যে কোন ব্যাংকের হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখা এবং রাউটিং নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদনকারীর স্বাক্ষরিত আবেদন প্রাপ্তি ও জামানতের টাকা জমা প্রদানের রশিদ জমা স্বাপেক্ষে প্রাপকের হিসাবে প্রদেয় চেকের (Account payee Cheque) মাধ্যমে ফ্ল্যাট বরাদ্দের তালিকা প্রকাশের পর অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-১, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মিরপুর, ঢাকা অফিস হতে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হবে না এবং আবেদনকারী সুদ দাবি করতে পারবেন না।

### ৩. ফ্ল্যাটের মূল্য এবং ফ্ল্যাটের দখল হস্তান্তর :

- ৩.১ ১৫৪৫ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৮১,১১,০০০/- (একশি লক্ষ এগারো হাজার টাকা) (কম-বেশী), ১৩৩৮ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৬৯,৫৮,০০০/- (উনসত্তর লক্ষ আটান্ন হাজার টাকা) (কম-বেশী) এবং ৮৭৮ বর্গফুট (কম-বেশী) আয়তনের ফ্ল্যাটের সাময়িক মূল্য ৪৪,৭৮,০০০/- (চুয়াল্লিশ লক্ষ আটাত্তর হাজার টাকা) (কম-বেশী) ধার্য করা হয়েছে। নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধির কারণে অথবা ফ্ল্যাটের আয়তন/হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত কোন যৌক্তিক কারণে নির্মাণ ব্যয় বৃদ্ধি পেলে উক্ত ফ্ল্যাটের মূল্য বৃদ্ধি পেতে পারে, যা ফ্ল্যাটের বরাদ্দ প্রাপককে পরিশোধে সম্মত থাকতে হবে। অন্যথায় বরাদ্দপত্র বাতিল বলে গণ্য করা হবে এবং প্রদানকৃত সমুদয় টাকার শতকরা ৫% হারে কর্তন করিয়া অবশিষ্ট টাকা বিনা সুদে অনধিক তিন মাসের মধ্যে ফেরত প্রদান করা হইবে।
- ৩.২ নির্মাণ কাজ সম্পূর্ণ রূপে সম্পন্ন হওয়ার পর এবং বরাদ্দ প্রাপকের নিকট হতে ফ্ল্যাটের মোট মূল্যের ৫০% পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিকট ফ্ল্যাটে দখল হস্তান্তর করা হবে এবং সম্পূর্ণ কিস্তির অর্থ পরিশোধের পর বরাদ্দ প্রাপকের নিজ খরচে সংশ্লিষ্ট অফিসের সাথে যোগাযোগ পূর্বক ইজারা দলিল (Lease Deed) সম্পন্ন করে নিবেন। দখল হস্তান্তরের পর ফ্ল্যাটের রক্ষনাবেক্ষণের দায়-দায়িত্ব স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ প্রাপকদের এবং তারা কমন সার্ভিসসহ যাবতীয় রক্ষনাবেক্ষণের ব্যবস্থা করবেন এবং ব্যয় বহন করবেন। তাছাড়া বৈদ্যুতিক সাব-স্টেশন, লিফট, জেনারেটর, পানির পাম্প, ইত্যাদি কমন সার্ভিসেস সমূহ বরাদ্দ প্রাপকদের মধ্যে হতে নির্বাচিত সমিতির নিকট হস্তান্তর করা হবে এবং যাবতীয় বিল বহনসহ আনুষঙ্গিক রক্ষনাবেক্ষণ ব্যবস্থা সমিতি কর্তৃক পরিচালিত হবে। তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মতামত অবশ্যই গ্রহন করতে হবে।
- ৩.৩ কার পার্কিং এর মূল্য ৪(চার) কিস্তিতে পরিশোধ করতে হবে। উল্লেখ্য যে, সকল ফ্ল্যাট বরাদ্দ প্রাপককে পার্কিং দেয়া সম্ভব হবে না এবং লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপকদের মাঝে কারপার্কিং বরাদ্দ দেয়া হবে। পরবর্তীতে কোন কারণে পার্কিং খালি হলে বরাদ্দ গ্রহীতাদের নিকট হতে আবেদন সংগ্রহক্রমে লটারীর মাধ্যমে বিধি মোতাবেক বরাদ্দ দেওয়া হবে।
- ৩.৪ প্রকল্পের স্বার্থে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রকল্পের মূল্য তালিকায় যে কোন ধরনের পরিবর্তন ও সমন্বয় করার ক্ষমতা সংরক্ষন করেন। এ ব্যাপারে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যাবে না।